

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০৪৫.০২২.১০.২৩.০২৩.২০১৫-০৪

তারিখঃ ২০ পৌষ ১৪২২  
০৩ জানুয়ারি, ২০১৬

প্রেরক : লুৎফুন নাহার  
সিনিয়র সহকারী সচিব  
স্থানীয় সরকার বিভাগ

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্থানীয় সরকার বিভাগ  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
মৌচাক টাওয়ার (১১ তলা) ৮৩/বি, নিউ সার্কুলার রোড, মালিবাগ, ঢাকা।

বিষয় : ২০১৫-১৬ অর্থ বৎসরে অনগ্রসর উপজেলার জন্য বিশেষ থোক বরাদ্দ উপখাত হতে অর্থ মঞ্জুরী প্রদান।

মহোদয়,

অর্থ বিভাগের ৩০-০৮-২০০০ তারিখের অমঃঅবিঃ/উঃ-১/বিবিধ-৪৬/৯৭-৪৬৯ নং স্মারকে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত ক্ষমতা বলে ২০১৫-২০১৬ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (৫০১০ কোডে) উপজেলাসমূহের জন্য উন্নয়ন সহায়তা থোক বরাদ্দের আওতায় ৪৩০.০০ (চারশত ত্রিশ কোটি) টাকা হতে অনগ্রসর উপজেলার জন্য বিশেষ থোক বরাদ্দ উপখাতে রক্ষিত ১০৭.৫০ (একশত সাত কোটি পঞ্চাশ লক্ষ) টাকা হতে মাননীয় মন্ত্রীর অডিপ্রায় অনুযায়ী নিম্নবর্ণিত উপজেলা পরিষদের অনুকূলে ১০০.০০ (এক কোটি) টাকা নির্দেশক্রমে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

জেলার নাম	উপজেলার নাম	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকায়)
মুন্সিগঞ্জ	লৌহজং	উপজেলার বিভিন্ন উন্নয়নমূলক কাজ	১০০.০০

২. এই ব্যয় ২০১৫-২০১৬ অর্থ বছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং ৩৩, ৩৭ স্থানীয় সরকার বিভাগ, ৩৭০১ সচিবালয়, ৫০১০- উপজেলাসমূহের জন্য উন্নয়ন সহায়তা বরাদ্দ হতে মিটানো হবে।

৩. প্রচলিত সরকারি বিধান ও এ বিভাগ কর্তৃক ১০-১১-২০১৪ খ্রিঃ তারিখে ৪৬.০৪৫.০১৮.০০.০০.০৫৪.২০১৩-১০৬৮ নং স্মারকে জারিকৃত উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুসরণে উপজেলা পর্যায়ে বিভিন্ন উন্নয়নমূলক কাজ বাস্তবায়নে মঞ্জুরীকৃত এই বরাদ্দের অর্থ ব্যয় করা হবে।

৪. উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার যৌথভাবে মঞ্জুরীকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।


৫. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ি থাকবেন।

৬. এই বরাদ্দের অধীন অনুমোদিত স্কীম এবং প্রচলিত আর্থিক রীতিনীতি অনুযায়ী ব্যয় নির্বাহ করে সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট বিল দাখিলপূর্বক সরকারি তহবিল থেকে প্রয়োজনীয় অর্থ আহরণ করতে হবে।

৭. সচিব, স্থানীয় সরকার বিভাগ উক্ত অর্থ ব্যয়ের নির্বাহী কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন করবেন।

৮. এই ব্যয় মঞ্জুরিতে অর্থ বিভাগের ২২-০৯-২০১৫ খ্রিঃ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০১.২০১০-৬১৯ স্মারকে সম্মতি রয়েছে।

৯. মঞ্জুরীকৃত অর্থ ৩০-০৬-২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে ব্যয় করতে হবে। আগামী ১৫-০৭-২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে বাস্তবায়িত/সমাপ্ত প্রকল্পের (Project Completion Report) সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এর যৌথ স্বাক্ষরে এ বিভাগে প্রেরণ করতে হবে।


  
লুৎফুন নাহার  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-৯৫৭৭২৩০

স্মারক নং-৪৬.০৪৫.০২২.১০.২৩.০২৩.২০১৫-০৪

তারিখঃ ০৩ জানুয়ারি ২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ (দৃঃ আঃ উপ-সচিব, বাজেট-১১)।
৩. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৪. জেলা প্রশাসক, -----জেলা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলাঃ----- জেলা -----।
৭. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা-----জেলাঃ-----।
৮. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর,-----, তাঁকে অনুমোদিত স্কীমসমূহ বাস্তবায়নে উপজেলা প্রকৌশলীর মাধ্যমে যথাযথ কারিগরী মান বজায় রাখার বিষয়ে নিশ্চিত করতে হবে।
৯. সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-১), স্থানীয় সরকার বিভাগ।
১০. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (জিও টি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।)
১১. জেলা/উপজেলা হিসাব রক্ষণ অফিসার, উপজেলাঃ-----জেলা-----।
১২. উপজেলা প্রকৌশলী, উপজেলাঃ----- জেলা -----।

  
লুৎফুন নাহার  
সিনিয়র সহকারী সচিব